Grow up your Business
9062867921

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 29 NOVEMBER 2026,SUNDAY | ২৯ নভেম্বর ২০২৬,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-349

ডাউনলোড "এই যুগ অ্যাপ"
এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

বিধানসভায় শক্তিশালী বিরোধী দল থাকা গণতন্ত্রের স্বার্থেই জরুরি ,বললেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম বর্ধমান ,২৮ নভেম্বর : ২৭ নভেম্বর ২০২৬ কলকাতা হাই কোর্টের (বিচারপতি কৃষ্ণ রাওয়ের একক বেঞ্চ) রায়ে গত ৩ জুন বিধানসভার স্পিকার ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে বিরোধী দলনেতা হিসেবে যে স্বীকৃতি দিয়েছিলেন, হাই কোর্ট তা খারিজ করে দিয়েছে। পাশাপাশি বিরোধী দলের মুখ্য সচেতক হিসেবে আক্‌রুজ্জামান-এর নিয়োগও বাতিল করা হয়েছে। বিষয়টি নতুন করে বিবেচনা করে যুক্তিসঙ্গত সিদ্ধান্ত জানাতে বিধানসভার স্পিকারকে ১০ দিন সময় (আগামী ৭ ডিসেম্বরের মধ্যে) বেঁধে দিয়েছে আদালত। এই প্রসঙ্গে সাংবাদিকদের মুখোমুখি হয়ে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , "আদালতের নির্দেশ নিয়ে বিভিন্ন রাজনৈতিক বক্তব্য সামনে আসছে।তবে আদালত ঠিক কী নির্দেশ দিয়েছে, তা সম্পূর্ণ নথি না দেখে এ বিষয়ে চূড়ান্ত মন্তব্য করা উচিত নয়। একই সঙ্গে, কে বিরোধী দল বা বিধানসভায় কোন ভূমিকা পালন করবেন এই বিষয়গুলিতে বিধানসভার স্পিকারেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমাদের সরকার চায় একটি শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দল।বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, বিধানসভায় শক্তিশালী বিরোধী দল থাকা গণতন্ত্রের স্বার্থেই একান্ত জরুরি।

ট্রলি ব্যাগে করে বিহারে মদ পাচারের ছক ভেস্তে দিলো পুলিশ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৮ নভেম্বর : জামাকাপড়ের বদলে ট্রলি ব্যাগে মদের বোতল ভর্তি করে বিহারে পাচারের আগেই ধরা পড়লো পাচারকারীরা। জানা গেছে শুক্রবার রাতে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ গোপন সুত্রে খবর পায় বিহারে মদ পাচারের উদ্দ্যেশ্যে নিউ জলপাইগুড়ি স্টেশন এলাকায় অপেক্ষা করছে দুই ব্যক্তি। খবর পেয়ে পুলিশ নিউ জলপাইগুড়ি রেল স্টেশন এর পার্কিং এলাকায় অভিযান চালায়। অভিযানের সময় তাদের নজরে আসে দুই যুবক তিনটি ট্রলি ব্যাগ নিয়ে সেখানে ঘোরাঘুরি করছে। দুজনের চালচলন সন্দেহজনক মনে হওয়ায় পুলিশ তাদের আটিক করে ও ট্রলি ব্যাগ তিনটিতে তল্লাশী চালায়। তল্লাশীতে তিনটি ট্রলি ব্যাগ থেকে উদ্ধার হয় বিরাশি বোতল বিদেশী মদ। যুবক দুজন মদের কোনো বৈধ নথিপত্র দেখাতে ব্যর্থ হওয়ায় পুলিশ তাদের গ্রেপ্তার করে ও উদ্ধার হওয়া মদ ট্রলি সহ বাজেয়াপ্ত করে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত দুই যুবকের নাম প্রিন্স কুমার ও সঞ্জয় কুমার বিহারের বাসিন্দা। জিজ্ঞাসাবাদে তারা জানায় বিহারে পাচারের উদ্দ্যেশ্যেই তারা এই মদ নিয়ে যাচ্ছিলো। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে পুলিশ শনিবার তাদের জলপাইগুড়ি আদালতে পেশ করে । এই চক্রে আর কারা জড়িত তা খতিয়ে দেখছে পুলিশ।

পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হলো বিজয়া সম্মিলনী ২০২৬, উপস্থিত ছিলেন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৮ নভেম্বর : পশ্চিমবঙ্গ রাজ্য পর্যটন দপ্তরের উদ্যোগে শনিবার কলকাতায় অনুষ্ঠিত হলো বিজয়া সম্মিলনী ২০২৬ অনুষ্ঠান। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । তিনি জানান এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেরে খুব আনন্দিত। এই শুভ মিলনোৎসব আমাদের পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি ও ভ্রাতৃত্বের বন্ধনকে আরও সুদৃঢ় করে। উৎসবের আবহে সকলের সাথে বিজয়ার শুভেচ্ছা বিনিময় আমাদের প্রাচীন রীতিনীতির আদর্শকেই প্রতীয়মান করে যা চিরন্তন। সকলের সাথে আনন্দ বিনিময়ের মধ্য দিয়ে একটি সুন্দর দিন উপভোগ করলেন বলেও জানান পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

বাজার দর নিয়ন্ত্রনে রাখতে অভিযান আলিপুরদুয়ার এর ফালাকাটায়



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ, আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : ক্রমবর্ধমান বাজার দরে লাগাম টানতে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর ঘোষনার পর পরই তৎপরতা শুরু করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ। শনিবার আলিপুরদুয়ার জেলা পুলিশের ফাকাকাটা থানার আইসির উপস্থিতিতে ডিস্ট্রিক্ট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, খাদ্য সরবরাহ দপ্তর, খাদ্য নিরাপত্তা দপ্তর, নিয়ন্ত্রিত বাজার সমিতি বা আরএমসি, এর আধিকারিকগন ও কর্মীদের যৌথ দল আলিপুরদুয়ার জেলার ফালাকাটা শহরের বিভিন্ন বাজার, দোকান এবং চিনি ও সরিষার তেলের গুদাম পরিদর্শন করে বাজার দর সম্পর্কে খোঁজ খবর নেন। অতিরিক্ত দাম নেওয়া বা মজুত মালের কালোবাজারি যাতে না হয় সেজন্য ব্যবসায়ীদের সতর্ক করা হয়। পরিদর্শন দলের পক্ষ থেকে জানানো হয় এদিনের সতর্কবার্তার পর যদি বাজার দর নিয়ন্ত্রনে না আসে তবে আইনানুসারে পদক্ষেপ গ্রহন করা হবে।

শামুকতলায় ভয়াবহ দুর্ঘটনা, মৃত অটোচালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক অটোচালকের। মৃতের নাম বিশ্বজিৎ সূত্রধর। তাঁর বাড়ি শামুকতলা থানার কয়াখাতা হরিবাড়ি এলাকায়। তার বয়স ৫০ বছর। জানা গিয়েছে, শিলিগুড়ি থেকে হাতিপোতা যাওয়ার পথে শামুকতলা সংলগ্ন এলাকায় একটি যাত্রীবাহী গাড়ির সঙ্গে অটোটির মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের তীব্রতায় অটোটি ভেঙে চুরমার হয়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় অটোচালক বিশ্বজিৎ সূত্রধরের।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় শামুকতলা থানার পুলিশ। দুটি গাড়িকেই উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়েছে। উদ্ধার করা হয়েছে মৃতদেহ।পুলিশ মৃতের পরিবারের সঙ্গে যোগাযোগ করেছে। আগামীকাল ময়নাতদন্তের জন্য মৃতদেহ পাঠানো হবে।এদিকে বিশ্বজিৎ সূত্রধরের মৃত্যুর খবর বাড়িতে পৌঁছতেই কান্নায় ভেঙে পড়েন পরিবারের লোকেরা। গোটা এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে পুলিশ।

বিদ্রোহী কবির নামে স্কুল ,অথচ বন্ধের মুখে ,চারজন নিয়ে চলছে ক্লাস



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নামে স্কুল। অথচ সেই স্কুলই আজ বন্ধের মুখে! শিক্ষক নেই, পড়ুয়া নেই, প্রার্থনাও হয় কিনা সন্দেহ। শনিবার স্কুলে গিয়ে দেখা গেল এক চরম বেহাল ছবি।পূর্ব খলিসামারি কাজী নজরুল ইসলাম মাধ্যমিক শিক্ষা কেন্দ্রে বর্তমানে মোট ছাত্র-ছাত্রী মাত্র ১১ জন। পঞ্চম শ্রেণিতে ৩ জন, সপ্তম শ্রেণিতে ৫ জন এবং অষ্টম শ্রেণিতে ৩ জন। এদিন মাত্র ৪ জন ছাত্রকে নিয়ে একটাই ঘরে চলছিল ক্লাস। দুজন শিক্ষক মিলে তিনটি ক্লাস সামলাচ্ছেন।এলাকাবাসীর অভিযোগ, শিক্ষকরা ঠিকমতো স্কুলে আসেন না। পড়াশোনার মান ভালো নয়। তাই অভিভাবকরা ছেলেমেয়েদের এই স্কুলে পাঠাতে চাইছেন না।যদিও শিক্ষকদের পাল্টা অভিযোগ, পর্যাপ্ত শিক্ষক নেই। সেই কারণেই অভিভাবকরা মুখ ফিরিয়ে নিচ্ছেন। এদিনও স্কুলে বাইরে প্রার্থনা করতে দেখা যায়নি পড়ুয়াদের। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অবশ্য দাবি করেছেন, ঘরের ভিতরেই প্রার্থনা হয়েছে। কিন্তু তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। দিনও দেখা গেল এক শিক্ষককে ১১ পর চলে আসতে। পরিসংখ্যানেই স্পষ্ট পতনের ছবি। গত বছর ছাত্র-ছাত্রী ছিল ২৪ জন। তার আগের বছর ছিল ৩৮ জন। এবার তা কমে দাঁড়িয়েছে মাত্র ১১-তে।এভাবে চলতে থাকলে বিদ্রোহী কবির নামাঙ্কিত এই স্কুলটি অচিরেই বন্ধ হয়ে যাবে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা।

রোগী নিয়ে যাওয়ার পথে ভয়াবহ দুর্ঘটনা ,কন্টেনারের ধাক্কায় মৃত্যু অ্যাম্বুল্যান্স চালকের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : রোগী নিয়ে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে যাওয়ার পথে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক অ্যাম্বুল্যান্স চালকের। কন্টেনারের ধাক্কায় দুমড়ে-মুচড়ে যায় অ্যাম্বুল্যান্সটি। শনিবার দুর্ঘটনাটি ঘটে। মৃত চালকের নাম সঞ্জয় বসুমাতারি। তিনি অসমের বাসিন্দা এবং মাদারিহাটের একটি হাসপাতালে অ্যাম্বুল্যান্স চালক হিসেবে কর্মরত ছিলেন।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, অ্যাম্বুল্যান্সটি মাদারিহাট থেকে এক রোগীকে নিয়ে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের দিকে যাচ্ছিল। সেই সময় সামনে একটি কন্টেনার চলছিল। প্রত্যক্ষদর্শীদের দাবি, গুয়াহাটির দিক থেকে শিলিগুড়িগামী একটি গাড়ি প্রথমে ওই কন্টেনারকে ধাক্কা মারে। এরপর ধাক্কার জেরে কন্টেনারটি অ্যাম্বুল্যান্সে গিয়ে লাগে। তাতেই অ্যাম্বুল্যান্সটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। দুর্ঘটনার পর ঘটনাস্থলেই মৃত্যু হয় চালক সঞ্জয় বসুমাতারির। তবে অ্যাম্বুল্যান্সে থাকা রোগী প্রাণে বেঁচে গিয়েছেন। তাঁকে উদ্ধার করে অন্য একটি গাড়িতে করে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে তাঁর শারীরিক অবস্থা সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।এই দুর্ঘটনাকে কেন্দ্র করে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, সামনে থাকা কন্টেনারের কারণেই এই দুর্ঘটনা ঘটে। ঘটনার প্রকৃত কারণ খতিয়ে দেখার দাবি উঠেছে।

তোর্সা নদীতে স্নান করতে গিয়ে জলে ডুবে মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : তোর্সা নদীতে স্নান করতে গিয়ে জলে ডুবে মৃত্যু হল এক ব্যক্তির। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃতের নাম ইশাক ওরাও। তিনি রণবাহাদুর বস্তি বাসিন্দা। এদিন তিনি তোর্সা নদীতে স্নান করতে যান এবং জলে ডুবে যান।পরবর্তীতে খোঁজাখুঁজি করে দরসিংপাড়া জটু লাইন এলাকা থেকে তাঁকে উদ্ধার করা হয়। তাঁর দেহ উদ্ধার করে লতাবাড়ি হাসপাতালে নিয়ে আসলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।কালচিনি থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য আগামীকাল আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হবে।

সরকারি কর্মচারী পরিষদের কর্মীসভা ও বিজয়া সম্মেলনী অনুষ্ঠিত হলো হাওড়ায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া : ২৭ নভেম্বর ,শুক্রবার হাওড়ার নিউ কালেক্টর বিল্ডিং এর পথের দাবী হলে সরকারি কর্মচারী পরিষদের কর্মীসভা ও বিজয়া সম্মেলনী অনুষ্ঠিত হলো। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সায়ন্তন বসু ,শ্যামল বোস এবং সরকারি কর্মচারী পরিষদের রাজ্য সভাপতি দেবাশীষ শীল সহ কর্মচারী পরিষদের উচ্চ নেতৃত্ব। এদিনের কর্মীসভায় বহু সংখ্যক সরকারি কর্মীরা যোগদান করেন।

নিখোঁজ নাবালিকা উদ্ধার, মালদা থেকে ফেরাল শামুকতলা রোড পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : ১৫ বছরের এক নাবালিকাকে উদ্ধার করল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। গত ২৪ তারিখ থেকে নিখোঁজ ছিল ওই নাবালিকা। আজ তাকে মালদা থেকে উদ্ধার করা হয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, নাবালিকা অনেকদিন ধরেই স্কুলছুট ছিল। নিখোঁজ হওয়ার পর পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ জানানো হয়। অভিযোগ পেয়ে তদন্তে নামে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। মোবাইল টাওয়ার লোকেশন ও অন্যান্য সূত্র ধরে মালদা থেকে তাকে উদ্ধার করা হয়। পুলিশ জানিয়েছে, ডাক্তারি পরীক্ষার পর নাবালিকাকে তার অভিভাবকের হাতে তুলে দেওয়া হবে। কীভাবে সে মালদায় পৌঁছল, কেউ তাকে নিয়ে গিয়েছিল কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। ঘটনার তদন্ত চলছে।

এই যুগ কাগজের নৌকা

29 NOVEMBER 2026 ,রবিবার

কথা বল্লে হয় অপরাধ

মোঃ জাবেদুল ইসলাম
(লালমনিরহাট ,বাংলাদেশ)

কথা বল্লে হয় অপরাধ,
বলবো না আর কথা।
কথার মাঝে কথা আছে,
বুঝতে পাও কি তথা?
সত্য কথা বলবো আমি,
তোমার গা কেন জ্বলে?
হৃদয় মাঝে সত্যি গুলো
অনর্গল যে তাহা চলে।
সত্যি ছাড়া মিথ্যাকে ভাই,
দেই না আমি ছাড়।
সত্যের মত শক্তিশালি
নাই তো কোথা আর।
কথা বলার অধিকার টা,
আছে যেন সবার।
সত্য কথা বলবো সবাই,
প্রতিবাদ করি আবার।।





অতএব

মোঃ রহমত আলী

সমুদ্র স্থির আছে বলে
ঢেউ যেওনা ছুঁতে,
কিছু বলছি না বলে
কাঁধে চেপো না ভুলে।
ভাটা আছে দেখে
সুযোগ নিওনা ছলে,
চোখে দেখিনা বলে
পথে পাথর দিওনা রেখে।
মাথা নুইয়ে আছি বলে
গলা ধরোনা ভাই চেপে,
বোবা হয়ে আছি বলে
ধোঁকা দিওনা জেনে।
মাথার ওপর গাছ নেই বলে
ভেবোনা ছায়া পাবোনা ফিরে।।
অতএব মনে রেখো..
ঢেউ যেওনা ছুঁতে।।



তোমার নামের ধ্বনি

ফারুক আহম্মেদ জীবন

নেই যেন আজ আর আমি
আজ নিজেরই মাঝে.....
মন বসেনা আজ আর আমার
অন্য কোন কাজে।।
পাগল মন তোমাতে আজ গেছে ভীষণ মজে
তোমায়, খুঁজে ফেরে তাইতো এ মন
সকাল দুপুর সাঁঝে।।
ঐ, আকাশ বুকে নীলিমা-রা
থাকে যেমন মিশে...
রাতের ঐ, সহস্র, তারক মালা চাঁদকে ঘিরে
থাকে যেমন পাশে।।
বন্ধু, আজ তোমায় ভালোবেসে তেমন
তোমাতে মন গেছে মিশে....
লাখো, কোটি মানুষের ভীড়ে যে আজ
নয়ন তোমায় খোঁজে।।
আজ, চারিদিকে কতই মানুষ
চোখের সামনে ঘোরে....
শুধু তোমায়, একটি নজর দেখব বলে
খুঁজি, দিবা নিশি ভোরে।।।
তবুও তো, একটিবারের জন্যও তোমায়
কভু, পাইনে আমি দেখা...
আজ যে, তোমার নামের ধ্বনি শুধু
এই, অন্তরেতে বাজে।।

নিয়তিবন্দি সম্পর্ক

বাপী নাগ

জীবনে সবার সঙ্গে মায়ার বন্ধন
গড়ে ওঠে না।
শত মানুষের ভিড়ে অদৃশ্য বন্ধন
স্থাপন করে না।
এই মনে কিছু সম্পর্ক অজান্তেই
হৃদয় ছুঁয়ে যায়।
অদৃশ্য এক টানে আপন ঠিকানা
মন খুঁজে পায়।
হঠাৎ করে যার সঙ্গেই গড়ে ওঠে
অদ্ভুত এক টান।
তার ভাবনায় কাটে কত ঘুমহীন
রাতের অবসান।
জীবনে কিছু মায়া রয়ে যায়,যার
ব্যাখ্যা মেলে না।
দূরে থেকেও সেই মানুষ মন রয়
সে দূরে সরে না।
অথচ মোদের এই ভাগ্যের লিখন
বড়'ই নির্মম হয়।
এই মন যাকে ভীষণ আপন ভাবে
সে পর হয়ে রয়।
মায়ার বন্ধন সবার ভাগ্যে পূর্ণতা
হয়"তো পায় না।
জীবনে কিছু মানুষ অন্তরে থাকে
ফিরে আসে না।

[লেখা পাঠানোর ঠিকানা-eiyugkagojernouka@gmail.com]

পাচারের আগেই উদ্ধার ছয়টি গরু ,আটক ট্রাক ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ২৮ নভেম্বর : পাচারের পথে একটি ট্রাক থেকে উদ্ধার ছয়টি গরু,গ্রেপ্তার দুই। জানা গেছে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বিধাননগর তদন্ত কেন্দ্রের পুলিশ শনিবার মুরালিগঞ্জ চেক পোস্টে একটি ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ট্রাক থেকে উদ্ধার হয় ছয়টি গরু। গরুগুলি পরিবহনের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় গ্রেপ্তার করা হয় ট্রাকের চালক ও তার সহকারীকে। পুলিশ ট্রাক সহ গরু গুলিকে বাজেয়াপ্ত করে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃতরা হলো অঙ্কিত রায়,অরুনাচল প্রদেশের এবং হরেন্দ্র সিং বিহারের বাসিন্দা। পুলিশের জিজ্ঞাসাবাদে তার জানায় বিহারের হাজিপুর থেকে গরুগুলি ট্রাকে বোঝাই করে তারা অরুনাচল নিয়ে যাচ্ছিলো। পুলিশের অনুমান অরুনাচলে পাচারের উদ্দ্যেশ্যে গরুগুলি নিয়ে যাচ্ছিলো পাচারকারীরা। পুলিশ ধৃত দুজনের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে শনিবার শিলিগুড়ি আদালতে পেশ করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে। পাচার চক্রে আরও কেউ জড়িত আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।



ভারত-ভুটান সীমান্তে ডুয়ার্স রানীর উপস্থিতি ,কড়া নজরদারিতে বন বিভাগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ নভেম্বর : ভারত-ভুটান সীমান্তবর্তী কুমারগ্রাম বনবস্তি সংলগ্ন এলাকায় বাঘিনীর উপস্থিতি ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। বক্সা জঙ্গলে ছাড়া বাঘিনী যাতে সীমান্ত পেরিয়ে অসমের দিকে চলে যেতে না পারে, সেজন্য সতর্ক রয়েছে বন বিভাগ। এলাকাজুড়ে জোরদার করা হয়েছে নজরদারি।বন বিভাগ সূত্রে জানা গিয়েছে, বাঘিনীর গতিবিধির উপর নজর রাখতে পাঁচটি কুনকি হাতি ব্যবহার করা হচ্ছে। দিনের বেলায় কুনকি হাতির সাহায্যে বিভিন্ন এলাকায় নজরদারি ও পর্যবেক্ষণ চালানো হচ্ছে। পাশাপাশি রাতেও বনকর্মীরা সংশ্লিষ্ট এলাকায় সতর্কভাবে নজরদারি বজায় রাখছেন।সীমান্তবর্তী এলাকায় বাঘিনীর গতিবিধি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে বনবিভাগ। বাঘিনী যাতে নিরাপদে নির্দিষ্ট এলাকায় থাকে এবং অন্যদিকে চলে না যায়, সেই লক্ষ্যেই বনকর্মীদের তৎপরতা অব্যাহত রয়েছে। বনকর্মীরা জানিয়েছেন, বাঘিনীটি বর্তমানে বক্সা জঙ্গলের সীমান্তবর্তী এলাকাতেই ঘোরাফেরা করছে। তার গতিবিধি প্রতিনিয়ত পর্যবেক্ষণ করা হচ্ছে। কোনওভাবেই যাতে সে লোকালয়ে ঢুকে না পড়ে বা সীমান্ত পেরিয়ে অন্যদিকে চলে না যায়, সেদিকে বিশেষ নজর দেওয়া হয়েছে।বাঘিনীর উপস্থিতি ঘিরে স্থানীয় এলাকাতেও সতর্কতা বজায় রাখা হচ্ছে। গ্রামবাসীদের জঙ্গলের দিকে একা না যেতে এবং সতর্ক থাকতে বলা হয়েছে। বন বিভাগের পক্ষ থেকে মাইকিং করেও সচেতন করা হচ্ছে । বন বিভাগের এই তৎপরতায় কিছুটা স্বস্তিতে স্থানীয় বাসিন্দারা।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |